

ইবি ক্যাম্পাস থেকে বোমা উদ্ধার

ইবি সংবাদদাতা ॥ বুধবার ইসলামী বিশ্ববিদ্যালয় থানা পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে ক্যাম্পাস এলাকা থেকে ৩ কেজি ওজনের একটি শক্তিশালী বোমাসহ একাধিক ছোট বোমা উদ্ধার করেছে। ছোট বোমাটি পরীক্ষা-নিরীক্ষার পর ফাটাতে সক্ষম হলেও বড় বোমাটি রাত পর্যন্তও পুলিশ নিষ্ক্রিয় করতে পারেনি। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পশ্চিম প্রান্তে অবস্থিত প্রকৌশল অফিসের নিকটস্থ ঝোপের মাঝ থেকে মাটি খুঁড়ে পুলিশ এ বোমা উদ্ধার করে। গতকাল দুপুরে এ বোমা উদ্ধারের পর থেকে পুলিশ ঘটনার সাথে জড়িত সন্দেহে কাউকে গ্রেফতার করতে পারেনি।